

বাংলাদেশ ব্যাংক

Website: www.bb.org.bd

প্রধান কার্যালয়

ডাকবাংলো নং ৩২৫

ঢাকা।

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

১০ মাঘ, ১৪১৯ বঙ্গাব্দ।

ডিওএস সার্কুলার লেটার নং-০২

তারিখঃ -----
২৩ জানুয়ারি, ২০১৩ খ্রীষ্টাব্দ।

প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক-কোম্পানী

প্রিয় মহোদয়,

Uniform Accounting procedure for REPO Transaction

উপর্যুক্ত বিষয়ে ১৫/০৭/২০১০ তারিখে জারীকৃত ডিওএস সার্কুলার নং-০৬ এ বর্ণিত রেপো হিসাবায়ন সংক্রান্ত Annexure-2 এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উল্লেখ্য যে, বাংলাদেশ ব্যাংকের তত্ত্বাবধানে TCS Market Infrastructure (MI) সফটওয়্যারটির মাধ্যমে সেকেন্ডারী ট্রেডিং উইন্ডো চালু করা হয়েছে। এ প্রেক্ষিতে ট্রেজারী সিকিউরিটিজ-এর Price, Yield, Repo price, Repo Interest হিসাবায়নের জন্য বছর গণনার ক্ষেত্রে একই রীতি অনুসরণ অপরিহার্য হয়ে পড়েছে।

এক্ষণে, এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে,

- ১) ট্রেজারী বিলের Price (MTM) ও Yield এবং Repo Interest (ALS সহ) নির্ণয়ের ক্ষেত্রে ৩৬৫ দিনে বছর গণনা করা হবে;
- ২) ট্রেজারী বন্ডের Price, Yield ও Repo first leg price (ALS সহ) নির্ণয়ের ক্ষেত্রে Actual/Actual ভিত্তিতে এবং Repo 2nd leg -এ Repo Interest (ALS সহ) নির্ণয়ের ক্ষেত্রে ৩৬৫ দিনে বছর গণনা করা হবে।

উপরোক্ত নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে এবং ডিওএস সার্কুলার নং-০৬/২০১০ এর Annexure-2 এবং ডিওএস সার্কুলার লেটার নং-০৫/২০০৯ এর সাথে প্রদত্ত গাণিতিক ব্যাখ্যাসমূহ সংশোধিত হিসেবে গণ্য হবে। উল্লেখ্য যে, প্রথমবার পরিবর্তিত ভিত্তি ধরে হিসাবায়নের জন্য সিকিউরিটিজের মূল্যের ক্ষেত্রে উদ্ভূত যেকোন পরিবর্তন যথাযথভাবে সমন্বয় করতে হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাঃ/-

(এস,এম, রবিউল হাসান)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০০৯৩